**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, রোববার ৯ অক্টোবর ২০১৬, ২৪ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ধর্মের নামে সন্ত্রাসী কর্মকাণ্ড বরদাশত্ করা হবে ন : প্রধানমন্ত্রী

২। বাংলাদেশ বিশ্ব ব্যাংকের কাছে বড় ঋণ চায় : অর্থমন্ত্রী

৩। গোয়েন্দা রিপোর্টের ভিত্তিতে জঙ্গি আস্তানায় অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী

৪। সম্মেলনের মধ্য দিয়ে নবীন প্রবীণের সমন্বয়ে নতুন নেতৃত্ব আসবে : স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী

৫। ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতে সামাজিক আন্দোলন ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ : দু'দিনের কর্মসূচি ঘোষণা শিক্ষামন্ত্রীর

৬। বাংলাদেশ ও জার্মানি সম্পর্ক জোরদারে ঘনিষ্ঠভাবে কাজ করবে : পররাষ্ট্র মন্ত্রণালয়

৭। নির্বাচন নয়, দেশ জঙ্গিমুক্ত করা বেশি জরুরি : তথ্যমন্ত্রী

৮। চার অভিযানে ১২ জঙ্গি নিহত

৯। দুর্গোৎসবের তৃতীয় দিন মহাষ্টমী : কুমারী পূজা আজ

১০। খাদিজার বেঁচে থাকার সম্ভাবনা বেড়েছে

১১। আজ দ্বিতীয় ওয়ানডে : সিরিজে ফিরতে মরিয়া বাংলাদেশ

চলমান পাতা-২

১। **ধর্মের নামে সন্ত্রাসী কর্মকাণ্ড বরদাশত্ করা হবে ন : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সন্ত্রাস-জঙ্গিবাদের বিরুদ্ধে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে বলেছেন, দেশে ধর্মের নামে কোনো সন্ত্রাসী কার্যক্রম বরদাশত্ করা হবে না। সন্ত্রাসী ও জঙ্গিদের স্থান হবে না বাংলাদেশে। জঙ্গিবাদ এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকার সবসময়ই কঠোর ব্যবস্থা নিয়েছে এবং আগামীতেও নেবে। গতকাল ৮ অক্টোবর শনিবার সনাতন ধর্মাবলম্বীদের বৃহৎ ধর্মীয় উৎসব শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে লালবাগের ঢাকেশ্বরী জাতীয় মন্দির পরিদর্শন এবং হিন্দু ধর্মাবলম্বীদের সাথে মতবিনিময়কালে প্রধানমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১)।

**ইত্তেফাক, প্রথম আলো, জনকণ্ঠ, সমকাল, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

২। **বাংলাদেশ বিশ্ব ব্যাংকের কাছে বড় ঋণ চায় : অর্থমন্ত্রী**

বাংলাদেশের অবস্থানের উন্নতি এবং অর্থনীতির পরিসর বেড়ে যাওয়ায় বড় বড় প্রকল্প বাস্তবায়নে এখন বড় আকারের ঋণ প্রয়োজন বলে মনে করেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, এখন আমাদের বড় বড় প্রকল্প বাস্তবায়ন করতে হচ্ছে। সে কারণে সহজ শর্তে ঋণের পাশাপাশি একটু বেশি সুদের (আইবিআরডি-বিশ্ব ব্যাংকের আরেকটি ঋণ) ঋণ দরকার। বিশ্ব ব্যাংক ও আইএমএফের বার্ষিক সভায় যোগ দিতে ওয়াশিংটনে অবস্থানরত অর্থমন্ত্রী গত ৭ অক্টোবর শুক্রবার একথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৪), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.১), **ফিনানশিয়ালএক্সপ্রেস** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.১,ক.৮)।

৩। **গোয়েন্দা রিপোর্টের ভিত্তিতে এই অভিযান : স্বরাষ্ট্রমন্ত্রী**

গোয়েন্দা রিপোর্টের ভিত্তিতে টাঙ্গাইল ও গাজীপুরে জঙ্গি আস্তানায় অভিযান চালানো হয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। এতে সন্দেহজভাজন জঙ্গিরা নিহত হয়েছে। রিপোর্টের ভিত্তিতেই দেশের আরও দুটি জায়াগায় অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি। এছাড়া নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন আনসারউল্লাহ বাংলা টিমের কথিত সাময়িক শাখার প্রধান মেজর জিয়াউল হক ওরফে মেজর জিয়া গোয়েন্দা সংস্থার নজরদারিতে রয়েছেন। যেকোনো সময় তাকে ধরা হবে বলে জানান তিনি। গতকাল ৮ অক্টোবর রাজধানীর স্বামীবাগে শ্রী শ্রী লোকনাথ ব্রক্ষচারী আশ্রমে দুর্গাপূজা উপলক্ষে সুবিধাবঞ্চিত মানুষের মধ্যে বস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **যুগান্তর** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

৪। **সম্মেলনের মধ্য দিয়ে নবীন প্রবীণের সমন্বয়ে নতুন নেতৃত্ব আসবে**
**: স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, দলের দুর্দিনের কাণ্ডারি বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনাই আওয়ামী লীগের ২০তম জাতীয় সম্মেলনের সভানেত্রী হবেন। তার কোনো বিকল্প নেই। এই সম্মেলনের মধ্য দিয়ে নবীন প্রবীণের সমন্বয়ে নতুন নেতৃত্ব আসবে। এই নেতৃত্বই আগামী জাতীয় সংসদ নির্বাচনের চ্যালেঞ্জ মোকাবিলা করবে। গতকাল ৮ অক্টোবর শনিবার জেলা আওয়ামী লীগ কার্যালয়ে দলীয় এক সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **যুগান্তর** (পৃ.৩,ক.১)।

৫। **ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতে সামাজিক আন্দোলন ও সচেতনতা সৃষ্টির উদ্যোগ**
**: দু'দিনের কর্মসূচি ঘোষণা শিক্ষামন্ত্রীর**

ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করতে ব্যাপক সামাজিক আন্দোলন ও জন সচেতনতা সৃষ্টির লক্ষ্যে দুই দিনের কর্মসূচি ঘোষণা করেছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। ঘোষিত কর্মসূচি অনুযায়ী আগামী **১৮** অক্টোবর সারাদেশে শিক্ষাপ্রতিষ্ঠানে প্রতিকী মানববন্ধন এবং ২০ অক্টোবর সভা অনুষ্ঠিত হবে। গতকাল ৮ অক্টোবর রাজধানীর ফার্মগেটে কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কর্মসূচি ঘোষণা করেন। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১), **ইন্ডিপেনডেন্ট (**পৃ.৩,ক.৮)।

**৬।  বাংলাদেশ ও জার্মানি সম্পর্ক জোরদারে ঘনিষ্ঠভাবে কাজ করবে : পররাষ্ট্র মন্ত্রণালয়**

পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে সহযোগিতা আরও শক্তিশালী ও সম্প্রসারণ করতে বাংলাদেশ ও জার্মানি ঘনিষ্ঠভাবে কাজ করবে। গত ৭ অক্টোবর শুক্রবার বার্লিনে পররাষ্ট্রমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সঙ্গে জার্মানির পররাষ্ট্রমন্ত্রী ফ্রাঙ্ক ওয়াল্টার স্টেইনমেয়ারের বৈঠকে এ সিদ্ধান্ত হয়েছে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় গত ৮ অক্টোবর শনিবার এক বিবৃতিতে জানায়। সূত্র-**প্রথম আলো** (পৃ.৩,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৪)।

**৭।  নির্বাচন নয়, দেশ জঙ্গিমুক্ত করা বেশি জরুরি : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, জাতীয় নির্বাচন নয়, এ মুহূর্তে গুরুত্বপূর্ণ আলোচনার বিষয় হলো দেশকে স্থায়ীভাবে জঙ্গিমুক্ত করা। যারা জঙ্গি দমন বাদ দিয়ে জাতীয় নির্বাচনের বিষয়টি সামনে নিয়ে আসতে চাচ্ছে, তারা জঙ্গি দমনের যুদ্ধটাকে ধামাচাপা দিতে চাচ্ছে। গতকাল ৮ অক্টোবর শনিবার কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহে ভারল স্কুল সড়কের উন্নয়ন কাজের উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৪), **যুগান্তর** (পৃ.২,ক.৭), **নিউ এজ** (পৃ.৩,ক.৫), **অবজারভার** (পৃ.৪,ক.৮)।

**৮।  চার অভিযানে ১২ জঙ্গি নিহত**

গতকাল ৮ অক্টোবর শনিবার গাজীপুর, টাঙ্গাইল ও ঢাকার আশুলিয়ায় আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে সন্দেহভাজন **১২** জঙ্গি নিহত হয়েছে। জঙ্গি আস্তানা সন্দেহে পুলিশ ও র‌্যাব চারটি স্থানে পৃথক অভিযান চালায়। এর মধ্যে গাজীপুরের হাড়িনালের পশ্চিমপাড়ায় দু'জন ও নোয়াগাঁও এলাকার পাতারটেকে সাতজন নিহত হয়। টাঙ্গাইলে নিহত হয়েছে দুজন। সর্বশেষ ঢাকার আশুলিয়ায় র‌্যাবের অভিযানের সময় পালাতে গিয়ে আহত একজন মারা গেছে। তার নাম আব্দুর রহমান র‌্যাব জানিয়েছে, আব্দুর রহমান জেএমবির অর্থের মূল যোগানদাতা। গাজীপুর মহানগরীর পাতারটেকে অভিযান শেষে সেখানে সাত জঙ্গি নিহত হয়েছে। পুলিশের কাউন্টার টেররিজম ইউনিটের প্রধান অতিরিক্ত কমিশনার মনিরুল ইসলাম বলেন, পাতারটেক এলাকার অভিযানের নাম দেওয়া হয়েছে 'অপারেশন শরতের তুফান'। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)। **ইত্তেফাক, সংবাদ, জনকণ্ঠ, প্রথম আলো, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, ডেইলি স্টার**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৯।  দুর্গোৎসবের তৃতীয় দিন মহাষ্টমী : কুমারী পূজা আজ**

শারদীয় দুর্গোৎসবের আজ মহাষ্টমী। মহাষ্টমী পূজার মূল আকর্ষণ কুমারী পূজা। প্রতি বছরের মতো এবারের মহাষ্টমীতে রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনে আজ পূজা শুরু হবে সকাল সাড়ে ৬ টায়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **ভোরের কাগজ** (পৃ.১৫,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৪)।

**১০।  খাদিজার বেঁচে থাকার সম্ভাবনা বেড়েছে**

বর্বরতার শিকার কলেজছাত্রী খাদিজা আক্তার নার্গিসের অবস্থা আগের চেয়ে ভালো। বেঁচে থাকার সম্ভাবনা বেড়েছে। সে চোখ খুলছে, হাত-পা নেড়েছে বলে জানিয়েছেন স্কয়ার হাসপাতালের নিউরো সার্জন ডা. রেজাউল সাত্তার। গতকাল ৮ অক্টোবর শনিবার হাসপাতাল কর্তৃপক্ষের পক্ষে তিনি এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **ভোরের কাগজ** (পৃ.১,ক.৩), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

**১১।  আজ দ্বিতীয় ওয়ানডে : সিরিজে ফিরতে মরিয়া বাংলাদেশ**

ওয়ানডে সিরিজের প্রথমটায় জেতা ম্যাচ হাতছাড়া হওয়ায়, দ্বিতীয় ম্যাচ জিততে মরিয়া বাংলাদেশে। আজ ৯ অক্টোবর দ্বিতীয় ম্যাচে পুনরায় মুখোমুখি দুই দল। দিন-রাতের খেলাটি দ্বিতীয় শুরু যথারীতি আড়াইটায়। আজ দুই দলের ড্রেসিংরুমে ম্যাচটার গুরুত্ব ভিন্ন। ইংল্যান্ড চাইবে এক ম্যাচ হাতে রেখেই সিরিজ জয় নিশ্চিত করতে। কিন্তু নিজ মাঠে টানা সিরিজ জয়ের রেকর্ডটা বজায় রাখার তাগিদে ম্যাচ জিতে সিরিজে ফিরতে মরিয়া বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **ডেইলি সান** (পৃ.১,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ১২ অক্টোবর থেকে ২ নভেম্বর ২৭ জেলায় ইলিশ ধরার নিষেধাজ্ঞা যথাযথভাবে পালনের প্রত্যাশা ব্যক্ত করে অভ্যন্তরীণ চাহিদা পূরণ সাপেক্ষে ইলিশ রফতানি করার পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** দেশকে দুর্নীতিমুক্ত করতে হলে সিলেকটিভ বা বেছে বেছে নিচের দিকের দুর্নীতিবাজদের গ্রেফতার না করে দুর্নীতির গডফাদারদেরও গ্রেফতার করতে হবে, তা না হলে আইনের 'সিলেকটিভ' প্রকারান্তরে দুর্নীতিকেই উৎসাহিত করবে বলে আশঙ্কা প্রকাশ।

গ. **জনকণ্ঠ :** শিল্প-কারখানা ও ব্যবসা প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী কর্মক্ষম জনশক্তি তৈরির লক্ষ্যে শিক্ষাঙ্গনের পাঠ্যক্রম ঢেলে সাজানোর আহ্বান।

ঘ. **প্রথম আলো :** ন্যায়বিচার পাওয়ার ক্ষেত্রে অসচ্ছল ও সহায়সম্বলহীন মানুষের আইনি সহায়তা প্রদানে সুপ্রিম কোর্টের লিগ্যাল এইড কার্যক্রম আরও জোরদার করার ওপর গুরুত্বারোপ।

ঙ. **সমকাল :** চট্টগ্রাম সিটি করপোরেশনের ৫৭টি শিক্ষা প্রতিষ্ঠানের ৮০টি ভবনের মধ্যে ৩৮টিই ঝুঁকিপূর্ণ থাকার পরিপ্রেক্ষিতে শিক্ষা নিরাপত্তার স্বার্থে সরকারের পাশাপাশি বিভিন্ন ব্যক্তি ও বেসরকারি সংস্থাকেও এগিয়ে আসার আহ্বান।

চ. **যুগান্তর :** নয়াদিল্লীতে সীমান্ত সম্মেলনে অংশ নিয়ে দেশে ফিরে সংবাদ সম্মেলনে বিজিবির মহাপরিচালকের দেওয়া বক্তব্যকে খুবই তাৎপর্যপূর্ণ বলে মন্তব্য করে দুই দেশের কর্তৃপক্ষের সমঝোতামূলক মনোভাব থাকলে ভবিষ্যতে সীমান্তকেন্দ্রিক কোনো সমস্যা হওয়ার কথা নয় বলে অভিমত।

ছ. **ইনকিলাব :** জ্বালানি তেলে ভেজাল প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** তরুণ শিক্ষার্থীদের মাঝে বিজ্ঞান শিক্ষা জনপ্রিয় করতে বিজ্ঞান শিক্ষা খরচ কমানোসহ কর্তৃপক্ষকে বিভিন্ন পদক্ষেপ নেওয়ার আহ্বান।

ঝ. **ইন্ডিপেনডেন্ট :** ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষায় মেধার ভিত্তিতে মাত্র ৫.৫২ শতাংশ পরীক্ষার্থী কৃতকার্য হওয়ার পরিপ্রেক্ষিতে শিক্ষার মান নিয়ে প্রশ্ন দেখা দেওয়ায় যথাযথ কর্তৃপক্ষকে সতর্ক পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **ডেইলি স্টার :** কৃষি কাজে সোলার ইরিগেশন সিস্টেম ব্যাপক প্রভাব ফেলবে বলে প্রত্যাশা করে কৃষকদের মাঝে তা জনপ্রিয় করার ব্যবস্থা করার সুপারিশ।

ট. **নিউজ টুডে :** চালের মূল্য নিয়ে কৃষক, ব্যবসায়ী ও ভোক্তা সবাইকে লাভবান করতে সরকারকে মার্কেট পলিসি কঠোর করার আহ্বান।

ঠ. **নিউ এজ :** কৃষি ও প্রযুক্তিখাতে উদ্যোক্তা উৎসাহিত করতে বাংলাদেশ ব্যাংকের নেওয়া ইকোয়ালিটি ও এন্টারপ্রিনিয়ারশিপ ফান্ডের ব্যাপক অপচয় ও লুটপাটের বিষয় তুলে ধরে সরকারকে দ্রুত এ ধরনের ফান্ড বন্ধের ব্যবস্থা নেওয়ার সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে ডাক্তারদের পেশাদার ও আইনানুগ হয়ে পেশায় নৈতিকতা ও বিধিবিধান মেনে চলতে হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'নারী ও শিশু নির্যাতন কী অপ্রতিরোধ?'** শিরোনামের নিবন্ধে আবদুল খালেক মন্টু নারী কেবল নিপীড়ন ও ভোগের বস্তু-এ দৃষ্টিভঙ্গির পরিবর্তন না হওয়া পর্যন্ত ইভটিজিং নামক অনিরাময়যোগ্য ব্যাধি সমাজে থেকেই যাবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা